



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থাপন/ ২৬৬

তারিখঃ ১৭/০৪/২০১৭খ্রিঃ

বিষয়ঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ৩১ জুলাই, ২০১৬খ্রি. তারিখে অনুষ্ঠিত সাপ্তাহিক সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতির তথ্য প্রেরণ।

সূত্রঃ নং- ৩৭.০০.০০০০.০৮৫.০২.০০৬.১৪(অংশ)-২৮১; তারিখঃ ১১ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ৩১ জুলাই ২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাপ্তাহিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে “কওমি মাদরাসা থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় পর্যন্ত সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস/জঙ্গিবাদ বিরোধী সভা অব্যাহত রাখতে হবে” মর্মে সিদ্ধান্তটি প্রতিপালনের জন্য সূত্রে উল্লিখিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে জরুরী/অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় প্রশাসনিক ও বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করাসহ নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের জন্য পুনরায় অনুরোধ করা হলোঃ

১. মাদরাসায় ও মাদরাসার আবাসিক ছাত্রাবাসে জঙ্গি তৎপরতা চলছে কিনা সে বিষয়ে নিরীক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে।
২. মাদরাসার শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সন্ত্রাস/জঙ্গিবাদ বিরোধী আলোচনা অনুষ্ঠানের মাধ্যমে সচেতন করতে হবে।
৩. মাদরাসার কোন ছাত্র-ছাত্রী যৌক্তিক কারণ ছাড়া ১৫ দিনের বেশি অনুপস্থিত থাকলে, তাদের সম্পর্কে নিকটবর্তী থানা ও গোয়েন্দা সংস্থাসহ বোর্ডের নিকট নিয়মিত রিপোর্ট প্রদান করতে হবে।
৪. মাদরাসাগুলোতে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী নিয়মিত এডভোকেসি করার উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
৫. সন্ত্রাস-জঙ্গিবাদ, মাদকতা ইত্যাদি প্রতিরোধে একটি স্ট্যান্ডার্ড ফর্মে অভিভাবকদের করণীয়, ছাত্র-ছাত্রীদের জন্য করণীয় ও বর্জনীয় এবং শিক্ষক-অভিভাবকদের জন্য অনুসরণীয় নির্ধারণ করে মাদরাসাসমূহে বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে টানিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।
৬. সন্ত্রাস ও জঙ্গিবাদকে আদর্শগতভাবে মোকাবেলার জন্য প্রয়োজনীয় কর্মকৌশল প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ করতে হবে।

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার/অধ্যক্ষ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত দেশের সকল দাখিল ও আলিম মাদরাসা।

অনুলিপিঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. জনাব মোঃ আবদুল খালেক, সহকারী সচিব (মাদরাসা-২), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তঁাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধসহ)
৫. সভাপতি ও সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত দেশের সকল দাখিল ও আলিম মাদরাসা।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১৭৪৮৭৪